**স্বপন কুমার সরকার, উপজেলা সমবায় অফিসার, বাঘারপাড়া, যশোর কর্তৃক**
**জুঁই সার্বিক গ্রামউন্নয়ন সমবায় সমিতি লিঃ এর পরিদর্শন প্রতিবেদন ঃ**

অদ্য ২৪/১২/২০১৯ খ্রিঃ তারিখে বাঘারপাড়া উপজেলাধীন জুঁই সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ খাজুরা বাজার এর কার্যক্রম পরিদর্শন করলাম। পরিদর্শনকালে সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও সম্পাদকসহ সমিতির ০৫ জন সদস্য উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যাদি নিম্নে মন্তব্যসহ উল্লেখ করা হলো ঃ

১। সমিতির নাম ঃ জুঁই সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ ।

২। সমিতির নিবন্ধন নং ও তারিখ ঃ ৭০/জে, ২৯/০৮/২০১৮ খ্রিঃ।

৩। সমিতির ঠিকানা ঃ গ্রাম ঃ তেলীধান্যপূড়া, পোস্ট ঃ গৌর নগর, উপজেলা ঃ বাঘারপাড়া, জেলা ঃ যশোর।

৪। ব্যবস্থাপনা কমিটির তথ্য ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | নিয়োগের তারিখ/১ম সভা |
|---|---|---|---|
| ১) | জনাব মোঃ নাজমুল তারেক | সভাপতি | ২৯/০৮/২০১৮ খ্রিঃ |
| ২) | জনাব মোঃ জিয়াউর রহমান | সহ-সভাপতি | ,, |
| ৩) | জনাব মোঃ মিলন হোসেন | সম্পাদক | ,, |
| ৪) | জনাব তমাল হাসান | সদস্য | ,, |
| ৫) | জনাব মোছাঃ নাজমা পারভীন | সদস্য | ,, |
| ৬) | জনাব নাজমূল হাসান | সদস্য | ,, |

৫। সমিতির সভ্য নির্বাচনী এলাকা ও কর্ম এলাকা ঃ সমগ্র বাগারপাড়া উপজেলা ব্যাপী।

৬। সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য ঃ সদস্যগণের নিকট শেয়ার বিক্রয় ও আমানত গ্রহণের মাধ্যমে পুঁজি সৃষ্টি করে লাভজনক খাতে বিনিয়োগ করে সদস্যগণের আর্থ-সামাজিক উন্নয়ন।

৭। সমিতির সদস্য সংখ্যা ঃ অদ্য পর্যন্ত সমিতির মোট সদস্য সংখ্যা ২০ জন, সদস্য তালিকা বহি বিধি ৬২(ক) মোতাবেক ফরম নং-১৪(ক) এ বর্ণিত সকল কলামগুলো যথাযথভাবে পূরণ করা হয়েছে। গত ৩০ জুন পর্যন্ত সদস্য সংখ্যা ২০ জন। গত ১ জুলাই থেকে অদ্য পর্যন্ত সদস্য ভর্তি নাই।

৮। শেয়ার মূলধন ঃ সমিতির অনুমোদিত শেয়ার মূলধনের পরিমাণ ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা। প্রতিটি শেয়ারের মূল্য ১০০/- (একশত) টাকা হিসাবে উহা ২০,০০০(বিশ হাজার) অংশে বিভক্ত। পরিদর্শনকালে জানা যায়, সমিতির পরিশোধিত শেয়ার মূলধনের পরিমাণ ২০০০০/- টাকা। গত ৩০ জুন পর্যন্ত পরিশোধিত শেয়ার মূলধন ২০০০০/- টাকা। গত ১ জুলাই থেকে অদ্য পর্যন্ত শেয়ার বিক্রি নাই।

সমিতিতে বিধি ৫৬(খ) অনুযায়ী শেয়ার রেজিস্টার সংরক্ষিত আছে।

৯। সঞ্চয় আমানত ঃ পরিদর্শনকালে সমিতি কর্তৃক গৃহীত মোট সঞ্চয় আমানতের পরিমাণ ২০,০০০/- টাকা। এর মধ্যে

মাসিক ও চলতি সঞ্চয় আমানতের পরিমাণ ২০,০০০/- টাকা
মেয়াদী সঞ্চয় আমানতের পরিমাণ ০০০০০০০/- টাকা
স্থায়ী আমানতের পরিমাণ ০০০০০০০০০০/- টাকা এবং
সর্বমোট ঃ ২০,০০০/- টাকা

সমিতিতে বিধি ৫৬(গ) অনুযায়ী সঞ্চয় রেজিস্টার সংরক্ষিত আছে। সমিতি কর্তৃক সঞ্চয় আমানত গ্রহণের ক্ষেত্রে বিধি ৬৬(১) অনুসরন করেছে।

১০। সমিতির কর্তৃক তারল্য সংরক্ষণ ঃ পরিদর্শনকালে সমিতি কর্তৃক গৃহীত মোট সঞ্চয় আমানতের বিপরীতে বিধি ৬৭(১) মোতাবেক তারল্য সংরক্ষণ করেনি।

১১। সমিতির বিনিয়োগ কার্যক্রম ঃ সমিতি কর্তৃক উহার পরিশোধিত শেয়ার মূলধন, গৃহীত আমানতের সমুদয় টাকা পণ্য ঋণ কার্যক্রমে বিনিয়োগ করা হয়েছে। বিনিয়োগ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সাধারণ সভায় অনুমোদন করা হয়েছে কিন্তু বিধি ৪৬(২) অনুযায়ী নিবন্ধকের অনুমোদন গ্রহণ করা হয়নি।

১২। সাধারণ সভা অনুষ্ঠান ঃ পরিদর্শনকালে দেখা যায় সমিতিতে কোন বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়নি। বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের ক্ষেত্রে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত, ২০১৩) এর ১৭(৩) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ১৯(১) ও (২) যথাযথ ভাবে প্রতিপালন করার জন্য বলা হলো।

১৩। ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ও সভা অনুষ্ঠান সংক্রান্ত ঃ পরিদর্শনকালীন নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত রেকর্ড পর্যালোচনান্তে দেখা যায়, অত্র প্রতিবেদনের ৪ নং ক্রমিকে বর্ণিত কমিটি ২৯/০৮/২০১৮ খ্রিঃ তারিখে নিয়োগ প্রাপ্ত। ১ম সভা অনুষ্ঠানের তারিখ ২৯/০৮/১৮ খ্রিঃ। বর্ণিত ব্যবস্থাপনা কমিটির মেয়াদ আগামী ২৮/০৮/২০২১ খ্রিঃ তারিখে উর্ত্তীণ হবে। সমিতিতে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৪২(২) বিধি মোতাবেক ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে না।

১৪। প্রকল্প সংক্রান্ত ঃ সমিতি কোন প্রকল্প গ্রহণ করেনি।

১৫। অডিট সম্পাদন সংক্রান্ত ঃ ২০১৭-২০১৮ সমবায় বর্ষের বার্ষিক বিধিবদ্ধ অডিট সম্পাদিত হয়নি।

১৬। সমিতির কর্মকর্তা/কর্মচারী সংক্রান্ত ঃ সমিতিতে ০৩ জন কর্মকর্তা/কর্মচারী আছে।

১৭। ব্যাংক হিসাব সংক্রান্ত ঃ সমিতির নামীয় কোন ব্যাংক হিসাব খোলা হয়নি।

১৯। হস্ত মজুদ তহবিল ঃ পরিদর্শনের তারিখে সমিতির ক্যাশ বহি অনুসারে হস্ত মজুদ তহবিলের পরিমাণ ৪১৩৫৫/- টাকা। মজুদ তহবিলের সমুদয় টাকা সর্বদা সমিতির ব্যাংক হিসাবে জমা রাখতে পরামর্শ দান করা হলো।

২০। দেনা-পাওনার বিস্তারিত তালিকা ঃ পরিদর্শনের দিনে দেনা-পাওনার হালনাগাদ বিস্তারিত তালিকা পাওয়া যায়নি। সমিতির বিদ্যমান ২০ জন সদস্যের দেনা-পাওনার বিস্তারিত তালিকা সর্বদা হালনাগাদ রাখার জন্য পরামর্শ দেয়া হলো।

২১। সমিতির রেজিস্টার ও বহিসমূহ সংক্রান্ত ঃ সমিতির রেজিস্টার ও বহিসমূহ আইনের ধারা ২৪ এবং বিধি ৫৬ এর বিধান অনুযায়ী হাল-নাগাদ তথ্য লিপিবদ্ধ করে সংরক্ষণ করা হচ্ছে না।

২২। শাখা অফিস পরিচালনা সংক্রান্ত ঃ আলোচ্য সমিতির কোন শাখা নাই।

২৩। হিসাব রক্ষণ পদ্ধতি ঃ সমিতির আর্থিক কার্যক্রমের ব্যাপ্তি অনুযায়ী উহার হিসাব রক্ষণ পদ্ধতি উপযুক্ত।

**পরিদর্শনকারীর মতামত/সুপারিশ ঃ**

১। নিয়মিত ক্যাশ বহিসহ সকল খাতপত্র সব সময় হালনাগাদ লিখতে হবে। হস্ত মজুদ তহবিলের টাকা দ্রুত ব্যাংকে জমা দিতে হবে।

২। নিয়মিতভাবে শেয়ার ও সঞ্চয় আমানত আদায়ের মাধ্যমে কার্যকরী মূলধন বৃদ্ধি করতে হবে।

৩। নিয়মিতভাবে ম্যানেজিং কমিটির সভা, বার্ষিক সাধারণ সভা করতে হবে এবং বার্ষিক সাধারণ সভায় বাজেট অনুমোদন করতে হবে।

৪। কোন অবস্থাতেই সমিতির মূলধন অবক্ষয় করা যাবে না। রাজস্ব আয় হতে রাজস্ব ব্যয় নির্বাহ করতে হবে।

৫। সদস্যদের মধ্যে নিয়মিতভাবে বিধিমালা মোতাবেক লভ্যাংশ বন্টন করতে হবে।

৬। সকল কার্যক্রম সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত,২০০২ ও সংশোধিত, ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এবং সমিতির উপ-আইন মোতাবেক পরিচালনা করতে হবে।

(স্বাক্ষরিত)
(স্বপন কুমার সরকার)
উপজেলা সমবায় অফিসার
বাঘারপাড়া, যশোর।

**স্মারক নং-৪৮.৬১.৪১১১.০০০.৩৪.০০১.১২.** . **তারিখ ঃ ৩১/১২/২০১৯ খ্রিঃ।**

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল।

১) জনাব মোঃ নাজমুল তারেক, সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, জুঁই সার্বিক গ্রাম উন্নয়ন সঃ সঃ লিঃ, বাঘারপাড়া, যশোর। তাঁকে প্রতিবেদন প্রাপ্তির ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে এ প্রতিবেদনে বর্ণিত সমিতির ত্রুটি-বিচ্যুতি ও অনিয়মসমূহ সংশোধন করে সংশোধনী প্রতিবেদন দাখিলের জন্য বলা হল।

২) উপজেলা সমবায় অফিসার, বাঘারপাড়া, যশোর।

৩) জেলা সমবায় অফিসার, যশোর।

৪)

উপজেলা সমবায় অফিসার
বাঘারপাড়া, যশোর।